গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গোপালগঞ্জ।
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.৩৫০০.০০২.৪৯.০০১.১৮.**২৩৮২** তারিখঃ-**১৬/০৯/২০২০ খ্রিঃ**।

## -দরপত্র বিজ্ঞপ্তিঃ-

এতদ্বারা খাদ্য অধিদপ্তরের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ এর অধীন খাদ্যশস্য, খাদ্যদ্রব্য, ভোজ্য তৈল, খালিবস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য সামগ্রী সড়ক পথে এক গুদাম/কেন্দ্র হতে অন্য গুদাম/কেন্দ্রে পরিবহণের জন্য ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরের জন্য অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২। | প্রতিনিধি | খাদ্য অধিদপ্তর। |
| ৩। | দরপত্র আহবায়নকারী দপ্তর | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গোপালগঞ্জ। |
| ৪। | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | ১৩.০১.৩৫০০.০০২.৪৯.০০১.১৮.**২৩৮২** তাং-১৬/০৯/২০২০ খ্রিঃ। |
| ৫। | কাজের নাম | খাদ্যশস্য/খাদ্য জাত দ্রব্য/ত্রাণ সামগ্রী/অন্যান্য সামগ্রী সড়ক পথে নির্ধারিত রুটে পরিবহণের কাজ। |
| ৬। | কাজের সময়কাল | ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরের জন্য। |
| ৭। | দরপত্র তফসিলের মূল্য | ৫০০.০০(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)। |
| ৮। | টেন্ডার সিকিউরিটি (ফেরতযোগ্য) | ৫,০০০.০০(পাঁচ হাজার) টাকা। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার। |
| ৯। | পারফরমেন্স সিকিউরিটি | ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা চুক্তি করার পূর্বে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। |
| ১০। | পরিবাহিত মালের নিরাপত্তা জামানত (পরিবহণ সূচী দেয়ার পূর্বে) | ক) অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারীর বেলায় ৫০,০০০.০০(পঁঞ্চাশ হাজার) টাকা হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।<br>খ) পরিবহণ সূচী জারীর পূর্বে সূচীকৃত মালের নিরাপত্তা জামানতের টাকা ব্যাংক গ্যারান্টি/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। সূচীকৃত মালামাল সন্তোষজনক পরিবহণ শেষে ফেরৎ নেয়া যাবে/পরবর্তী সূচীর সাথে সমন্বয় করা যাবে। |
| ১১। | বাজেট ও আয়ের উৎস | জি ও বি। |
| ১২। | দরপত্র বিক্রয় ও প্রাপ্তির উৎস | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গোপালগঞ্জ (হিসাব শাখা)। |
| ১৩। | দরপত্র তফসিল (সিডিউল) বিক্রয়ের শেষ তারিখ | ০৪/১০/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।<br>গত বছরে ১৮ দিন দেয়া হয়েছিল |
| ১৪। | দরপত্র (সিডিউল) গ্রহণের স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গোপালগঞ্জ। |
| ১৫। | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ০৪/১০/২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে বিকাল ১ টা পর্যন্ত। |
| ১৬। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ক) ০৫/১০/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ দপ্তরে খোলা হবে।<br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবলমাত্র Responsive ঠিকাদারের আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive ঠিকাদারের তালিকা, খোলার তারিখ, সময় ও স্থান জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে। |
| ১৭। | দরপত্র সম্পর্কিত তথ্য জানার জন্য | জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জের হিসাব শাখা (অফিস চলাকালীন সময়) টেলিফোন নং- ০২-৬৬৮৫৩৭০। |
| ১৮। | ঠিকাদারের যোগ্যতা | ক) খাদ্যশস্য/খাদ্য সামগ্রী পরিবহণ কাজে খাদ্য বিভাগের কমপক্ষে ১ বছরসহ নূন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>খ) খাদ্যশস্য নিরাপত্তা জামানত হিসাবে ৫০,০০০.০০(পঁঞ্চাশ হাজার) টাকার ব্যাংক গ্যারান্টি/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দিতে সামর্থ আছে মর্মে সিডিউল ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতা সনদপত্র দাখিল করতে হবে। |
| ১৯। | দরপত্রের মেয়াদ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ দিন। |
| ২০। | দরপত্রের ধরণ | উন্মুক্ত দরপত্র। |
| ২১। | ঠিকাদারী কাজের মেয়াদ | চুক্তির তারিখ হতে ৩০ শে জুন/২০২২ পর্যন্ত। |
| ২২। | এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা যে কোন বা সকল দরপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেণ। | |

চলমান পাতা-২

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী (General Condition of Contract)t-

আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ছবি সহ প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ বরাবরে নিম্নেবর্ণিত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

১) নিজ নামের/প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স (হালনাগাদ), নাগরিকত্বের সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

২) অভ্যমত্মরীণ সড়ক ঠিকাদারের ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে সাধারণ পরিবহণ কাজে ১ বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহণ কাজে ১ বছরের অথবা খাদ্য বিভাগের পরিবহণ কাজের মোট ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের আওতায় পরিবহণ ঠিকাদারীর অভিজ্ঞতা সনদ, জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/উপ-পরিচালক (চপরেস)/চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক ইস্যুকৃত হতে হবে। অন্যান্য সরকারী/আধা সরকারী বা স্বায়ত্বশাসিত সংস্থা কিংবা অন্য কোন সংস্থার পরিবহন ঠিকাদারীর অভিজ্ঞতার ক্ষেত্রে সংশিস্নষ্ট নির্বাহী কর্মকর্তা/আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র ইস্যুকৃত হতে হবে।

৩) সংশিস্নষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) নম্বরসহ হালসন পর্যমত্ম আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

৪) একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে ১৫০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রদত্ত একক মালিকানা সংশিস্নষ্ট হলফনামা এর সত্যায়িত ফটোকপি।

৫) অংশীদার মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিল।

৬) লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অফ আর্টিকেল এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদপত্র।

৭) ঠিকাদারের গ্রম্নপ, যৌথ উদ্যোগ বা সমবায় এর ক্ষেত্রে যথাযথ দলিল দাখিল।

৮) চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পদনকালে মূল কপি প্রদান করতে হবে।

৯) অতীত দায় দেনার (যদি থাকে) হলফ নামা।

১০) যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবেন না মর্মে দরপত্রের সাথে সংশিস্নষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারণামা প্রদান করতে হবে।

১১) অতীত পরিবহণ ঘাটতি/আত্মসাৎ ঘটনার সাথে জড়িত সালিশী মামলার চূড়ামত্মভাবে দোষী সাব্যসত্ম হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেননা।

১২) সালিশী মামলার নিষ্পত্তির অপেক্ষায়/মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। তবে সালিশ/মামলায় দোষী সাব্যসত্ম হলে/ঋণ খেলাপী হলে চুক্তি সম্পাদন করা যাবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১৩) দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের মূল চালান এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৪) বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরও ভুল তথ্য প্রদান করলে বিষয়টি সংশিস্নষ্ট কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫) দরপত্রদাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহর সহ দস্তখত করবেন। দরপত্র তফসীল, চুক্তিপত্র দরপত্রের নিয়ামাবলী ও শর্তাবলী, যোগ্যতা বিষয়ক প্রস্তাব দাখিলের নিয়মাবলী ও শর্তাবলীর প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৬) ডাকযোগে প্রেরিত দরপত্র/নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে, নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে ফেলতে হবে।

১৭) শর্তযুক্ত, কাটা-ছেড়া, ঘষা-মাজা বা অসম্পূর্ন দরপত্র গৃহিত হবে না এবং Price Schedule পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮) দাখিলকৃত সকল ডকুমেন্ট/কাগজপত্র আবেদনকারী দরপত্র দাতার স্বাক্ষর ও সীল থাকতে হবে।

১৯) দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা যাবে না।

২০) দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত প্রতিপালন না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২১) দরপত্র খোলার সময় দরপত্র দাতাগণ উপস্থিত থাকতে পারবেন।

চলমান পাতা-৩

দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Special Condition of Contract)ঃ

১.০ ঠিকাদারের যোগ্যতাঃ-

১.১ খাদ্যশস্য/খাদ্য সামগ্রী পরিবহন কাজের খাদ্য বিভাগের কমপক্ষে ১ বছর সহ নুন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা।

১.২ খাদ্যশস্য নিরাপত্তা জামানত হিসাবে ৫০,০০০.০০(পঁঞ্চাশ হাজার) টাকার ব্যাংক গ্যারান্টি/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দিতে সামর্থ আছে মর্মে সিডিউলভূক্ত ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতা সনদপত্র দাখিল করতে হবে।

১.৩ দরপত্র দাতার ১ আর্থিক বছরে কমপক্ষে ২,০০,০০০/- টাকা লেনদেনের স্বপক্ষে তফসিলভূক্ত ব্যাংক হতে ব্যাংক বিবরণী দাখিল করতে হবে।

২.০ দরপত্র দাখিলের নিয়মাবলীঃ-

২.১ দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২টি খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে ''ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব'' ও আর্থিক প্রস্তাবের খামে ''আর্থিক প্রস্তাব'' লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডানদিকে প্রাপক- জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ ও বামদিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। ২টি খাম একত্র করে বড় ১টি খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে খামের ডানদিকে প্রাপক- জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ এবং বামদিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে।

২.২ খামের উপরে ''গোপালগঞ্জ জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদার নিয়োগের দরপত্র'' উল্লেখ করে বড় অক্ষরে লিখতে হবে।

২.৩ বিস্তারিত রূট বিবরণী রুটের দুরত্ব দরপত্র তফসীলে (সিডিউল) উল্লেখ করে দেয়া আছে। দরদাতাকে সকল রুটের দর প্রতি কিঃ মিঃ প্রতি মেঃ টন উল্লেখ করতে হবে এবং সর্বমোট মূল্য অংকে ও কথায় নির্ধারিত কলামে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে।

২.৪ প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য ৫০০.০০(পাঁচশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, প্রধান শাখা, গোপালগঞ্জে নির্ধারিত কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং টাকা জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র দপ্তরের হিসাব শাখায় জমা দিয়ে একটি ফটোকপি/অতিরিক্ত কপি প্রদর্শন পূর্বক(প্রদর্শিত ফটোকপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে) নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

৩.০ টেন্ডার সিকিউরিটিঃ-

৩.১ দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভূক্ত (সিডিউল) ব্যাংক হতে বায়নার টাকা হিসাবে টেন্ডার সিকিউরিটি ৫,০০০.০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ এর অনুকুলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

৩.২ অকৃতকার্য দরপত্র দাতার বায়নার টাকা (টেন্ডার সিকিউরিটি) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরৎ দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরৎ দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪.০ ঠিকাদার নির্বাচনঃ-

০.১ ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়ন (Responsive) হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও Head of the procuring Entry (HOPE) অর্থাৎ সংগ্রাহক সত্তার প্রধান কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে।

০.২ অভ্যন্তরীণ সড়ক পরিবহনের জন্য। পূর্বের ন্যায় ২ জন ঠিকাদার নির্বাচন করা হবে। এ ক্ষেত্রে পিপিআর/০৮ এর সংশ্লিষ্ট ধারা অনুসারে মূল্যায়িত সর্বনিম্ন দরে দ্বিতীয়, তৃতীয় বা উচ্চক্রমানুসারে আগ্রহী/কাজ করতে সম্মত দরদাতাকে নিয়োগ দেয়া হতে পারে।

১.০ পারফরমেন্স সিকিউরিটিঃ-

৫.১ Notification of Award প্রদানের ৭ দিনের মধ্যে লিখিতভাবে সম্মতি প্রদান করতে হবে এবং পারফরমেন্স সিকিউরিটি বাবদ ২৫,০০০.০০ টাকা গ্যারান্টি/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও যথাযথ কাগজপত্র জমা দিয়ে ২১ দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

চলমান পাতা-৪

৬.০ চুক্তি সম্পাদনঃ-

৬.১ ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রসত্মাব সন্তোষজনক বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতাকে উক্ত কাজের জন্য বিবেচিত করা হবে।

৬.২ প্রাপ্ত দরপত্রে সর্বনিম্ন দরদাতার দর বৈধ বিবেচিত হলে Notification of Award প্রদান করা হবে এবং ২১ দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৭.০ পণ্যের নিরাপত্তা জামানতঃ-

৭.১ পণ্যের নিরাপত্তা জামানত বিষয়ে নিশ্চয়তা পাওয়ার পর সূচী জারী করা হবে।

৭.২ কৃতকার্য দরপত্রদাতা ৩(তিন) দিনের মধ্যে নিরাপত্তা জামানত(Security of Goods)বাবদ ৫০,০০০.০০ টাকা ব্যাংক গ্যারান্টি/ব্যাংক ড্রাফট/পে- অর্ডার এর মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ এর বরাবর দাখিল করতে হবে।

৭.৩ নির্ধারিত ফরমে (Un conditional) ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে।

৭.৪ প্রাপক কেন্দ্রে সূচীকৃত পণ্য সন্তোষজনক প্রাপ্তি স্বাপেক্ষে পণ্যের নিরাপত্তা জামানত (Security of Goods) আবেদনের প্রেক্ষিতে ফেরৎ দেয়া হবে বা পরবর্তী সূচীতে সমন্বয় করা যাবে।

৮.০ পরিবাহিত পণ্যের ঘাটতিঃ-

৮.১ ১০০% ওজনে বোঝাইকৃত মালামাল ১০০% ওজনে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিতে হবে। পরিবাহিত মালামালের নীট ওজনের উপর ০.১২৫% সীমিত পরিবহন ঘাটতি প্রাপ্য হবেন।

৮.২ যে কোন সাহায্য সংস্থার নির্ধারিত ওজনের ব্যাগের ক্ষেত্রে শূণ্য ঘাটতি প্রযোজ্য হবে।

৮.৩ নির্ধারিত পরিবহন ঘাটতির অতিরিক্ত যে কোন ঘাটতি/মালামাল বিনষ্ট/খোয়া গেলে ঠিকাদারকে দ্বিগুন হারে ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

৯.০ চুক্তি সংশোধনঃ-

৯.১ উভয়পক্ষের সম্মতি ও সরকারের অনুমোদন স্বাপেক্ষে এ চুক্তি/এ চুক্তির যে কোন শর্ত/শর্তাদি সংশোধন/ পরিবর্তন/পরিবর্ধন করতঃ চুক্তি স্বাক্ষরিত হবে।

৯.২ সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্যদ্রব্য অথবা যে কোন পরিবহন সংক্রামত্ম বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্র সহ দরপত্র তফসীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসাবে পরিগণিত হবে।

১০.০ দুরত্ব নির্ধারণঃ-

১০.১ সিডিউলে বর্ণিত নির্ধারিত দর দুরত্ব অনুযায়ী বিল প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১০.২ বর্তমান চুক্তিবদ্ধ রূট সিডিউলে/রূট সিডিউল বহির্ভূত কোন রুটে/ খাদ্য গুদামে খাদ্যশস্য পরিবাহিত হলে বোঝাই ও খালাসের স্থানের মধ্যে প্রদত্ত দুরত্বের ভিত্তিতে বিল প্রদেয় হবে।

১১.০ ঠিকাদারের জন্য বাধ্যবাধকতাঃ-

১১.১ দরপত্র বিজ্ঞপ্তি, যোগ্যতা বিষয়ক কারিগরী প্রস্তাবের শর্তাবলী, দরপত্রের দর তফসীল, চুক্তির আওতায় পরিবহন সূচী পরিমান ও সময়কাল এবং এ সংক্রান্ত Loading Unloading Advice (LUA)/Invoice/দলিলাদি ইত্যাদি এ চুক্তির আওতাভুক্ত বলে বিবেচিত হবে।

১১.২ কোন ঠিকাদারের যে কোন ব্যর্থতার কারণে পরিবহনে শূণ্যতা দেখা দিলে চুক্তিবদ্ধ অন্য ঠিকাদার দ্বারা একই দর ও শর্তে পরিবহন করানো যাবে।

১১.৩ পরিবহন সংক্রান্ত সকল তথ্যাদি নথিভূক্ত রাখতে হবে, যাতে ১ম পক্ষ চাহিবা মাত্র ২য় পক্ষ প্রদর্শন/দাখিল করতে পারেন।

১২.০ ১২.১ নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তিপত্র সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতিত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

১২.০ ক্ষমতা সংরক্ষণঃ-

১৩.১ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সর্বনিম্ন দর গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত সিদ্ধামত্ম চূড়ান্ত বলে গণ্য হবে।

চলমান পাতা-৫

এ দরপত্র The Public Procurement Act ২০০৬/ Public Procurement rule ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(সেফাউর রহমান)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
গোপালগঞ্জ
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি, গোপালগঞ্জ।
ফোনঃ ০৮৫১-৫৮২৩২।

স্মারক নং-১৩.০১.৩৫০০.০০২.৪৯.০০১.১৯.**২৩৮২** তারিখঃ-**১৬/০৯/২০২০ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্যঃ-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৭। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/আশুগঞ্জ/নারায়নগঞ্জ সাইলো।
৮। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, গোপালগঞ্জ।
১০। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গোপালগঞ্জ।
১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)............................
১২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
১৩। ব্যবস্থাপক (সকল)............................সিএসডি.................................।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
১৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল)..............................গোপালগঞ্জ জেলা।
১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).................................. গোপালগঞ্জ জেলা
১৭। সভাপতি, চেম্বার অফ কমার্স, গোপালগঞ্জ।
১৮। হিসাব শাখা/প্রশাসন শাখা/মজুদ শাখা/নেজারত শাখা/অডিট শাখা/কারিগরী শাখা, অত্র দপ্তর।
১৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২০। মেসার্স.............................অভ্যন্তরীণ সড়ক পরিবহণ/শ্রম হস্তার্পন ঠিকাদার...............................এলএসডি।
২১। দপ্তর নথি।

১৬/৯/2020

জেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
গোপালগঞ্জ।